সমকাল

তারিখ ... 04 APR 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

ঢাবি ছাত্রের মৃত্যু

# প্রতিবাদে সহপাঠীদের বিক্ষোভ

■ সমকাল প্রতিবেদক

মাদারীপুরে ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে পুলিশের গুলিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সুজন মৃধার মৃত্যুর প্রতিবাদে জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভ করেছেন তার সহপাঠীরা। এ সময় সড়ক অবরোধের কারণে গতকাল রোববার দুপুর পৌনে ১টা থেকে আড়াইটা পর্যন্ত রাস্তার একপাশে যান চলাচল বন্ধ থাকে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঢাবি শিক্ষার্থীরা মিছিল নিয়ে এসে প্রেস ক্লাবের সামনের সড়কে অবস্থান নেন। এতে রাস্তার একপাশ বন্ধ হয়ে যায়।

গত ৩১ মার্চ ইউপি নির্বাচনের দ্বিতীয় ধাপের ভোটের দিন মাদারীপুর সদর উপজেলার ধুরাইল ইউনিয়নের ভোট গণনার সময় গুলিতে নিহত হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র সুজন মৃধা। সুজনের দাদা মোতালেব মৃধা সদস্য পদে নির্বাচন করেন। ভোট গণনা নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে পুলিশের গুলিতে সুজন মারা যান বলে পরিবারের সদস্যরা অভিযোগ করেন। ওই ঘটনায় সুষ্ঠু তদন্ত ও বিচারের দাবিতে সহপাঠীরা গত শনিবারও শাহবাগ মোড়ে বিক্ষোভ করেন।